# পঞ্চগড় পৌরসভা কার্যালয়
## পঞ্চগড়।

স্মারকনং- পঞ্চঃপৌরঃ/GRC/২-১০৭৮/২০২১-২২/ তারিখ- ১৩/০৬/২০২২ খ্রিঃ।

## গ্রিভেন্স রিড্রেস সেলের (GRC)-এর সভার নোটিশ

এতদ্বারা পঞ্চগড় পৌরসভার গ্রিভেন্স রিড্রেস সেলের (GRC)-এর সম্মানিত সকল সদস্যগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৬/০৬/২০২২ তারিখ, রোজ- বৃহস্পতিবার, বেলা- ১১.০০ ঘটিকার সময় পৌরসভার সভাকক্ষে GRC-এর কার্য-পরিধি মোতাবেক নিম্নোক্ত আলোচ্য সূচীর বিষয়ে সিদ্ধান্তের লক্ষ্যে ত্রৈ-মাসিক (এপ্রিল-জুন'২২) সভা আহ্বান করা হয়েছে।

**আলোচ্য সূচী**

১) বিগত সভার সকল সিদ্ধান্তবলী পূণঃ পঠন এবং তা আলোচনান্তে অনুমোদন করণ।

২) এপ্রিল-জুন ২০২২ মাস পর্যন্ত গ্রিভেন্স রিড্রেস সেলের কার্যক্রম সম্পর্কে আলোচনা।

৩) বিবিধ।

উক্ত সভায় আপনাকে নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ আশরাফুল আলম)
প্যানেল মেয়র-২
পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড়।

প্রাপক ঃ জনাব ..................................................,
..................................................,
পঞ্চগড় ও সদস্য, GRC, পঞ্চগড় পৌরসভা।

স্মারকনং- পঞ্চঃপৌরঃ/GRC/২-১০৭৮/২০২১-২২/ তারিখ- ১৩/০৬/২০২২ খ্রিঃ।

**অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে**

১। প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ শীর্ষক কারিগরী সহায়তা (UGIIP-III) প্রকল্প, এলজিইডি, আগাঁরগাও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

২। অফিস কপি।

# পঞ্চগড় পৌরসভা কার্যালয়
পঞ্চগড়।

সভা নং ঃ ০৪ (চার)/২০২১-২০২২ খ্রিঃ।
তারিখ ঃ ১৬/০৬/২০২২ খ্রিঃ। সময়- বেলা- ১১.০০ ঘটিকা।
স্থান ঃ সভা কক্ষ, পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড়।

পঞ্চগড় পৌরসভার গ্রিভেন্স রিড্রেস সেলের (GRC)-এর সভায়
উপস্থিত সদস্য বৃন্দের নাম, পদবি ও উপস্থিতি স্বাক্ষর ক্রমানুসারে

| ক্রঃ নং | নাম ও পদবি | কমিটিতে পদবী | স্বাক্ষর | মোবাইল নম্বর |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | | ৪ |
| ০১. | জনাব মোঃ আশরাফুল আলম,<br>প্যানেল মেয়র-২,<br>পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড় | আহবায়ক | [signature] | |
| ০২. | জনাব মোছাঃ রাহেনা বেগম,<br>কাউন্সিলর, সংঃ আঃ ০৩,<br>পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড় | সদস্য | [signature] | |
| ০৩. | জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন,<br>কাউন্সিলর, ওয়ার্ড নং-৯,<br>পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড় | " | [signature] | |
| ০৪. | মোঃ রাশেদুর রহমান,<br>পৌর নির্বাহী কর্মকর্তা,<br>পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড় | " | [signature] | |
| ০৫. | মোছাঃ আকতারুন নাহার সাকী,<br>এনাজিও প্রতিনিধি,<br>পরস্পর, ডোকরোপাড়া, পঞ্চগড় | " | | |
| ০৬. | মোছাঃ সাবিনা ইয়াসমিন,<br>পুরাতন পঞ্চগড়, ওয়ার্ড নং- ০৯,<br>পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড় | বিশেষভাবে আমন্ত্রিত ব্যক্তি | [signature] | |
| ০৭. | মোঃ জাবেদ আলী,<br>উচ্চমান সহকারী,<br>পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড় | সদস্য-সচিব | [signature] | |

পঞ্চগড় পৌরসভা কার্যালয়
পঞ্চগড়।

# গ্রিভেন্স রিড্রেস সেল (GRC)-এর সভার কার্য বিবরণী

| | | |
|---|---|---|
| সভা নং | ঃ | ০৪/২০২১-২০২২। |
| স্থান | ঃ | পৌরসভা মিলনায়তন। |
| সভার তারিখ | ঃ | ১৬/০৬/২০২২ খ্রিঃ, সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা। |
| আহ্বায়ক | ঃ | মোঃ আশরাফুল আলম, প্যানেল মেয়র-২, পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড়। |

অদ্য ১৬/০৬/২০২২ তারিখ বেলা- ১১.০০ ঘটিকায় পঞ্চগড় পৌরসভার গ্রিভেন্স রিড্রেস সেলের (GRC) কমিটির সভা পৌরসভার সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভার আহ্বায়ক ছিলেন অত্র কমিটির সভাপতি জনাব মোঃ আশরাফুল আলম, প্যানেল-২, পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর (ক্রমানুসারে) পরিশিষ্ট 'ক' তে দেখালো হলো-

সভার শুরুতেই আহ্বায়ক সাহেব গ্রিভেন্স রিড্রেস সেলের সম্মানিত সকল সদস্যকে স্বাগত ও শুভেচ্ছা জানান। অতঃপর সভাপতি সাহেব স্বাগত বক্তব্যের পর সভার কাজ শুরু করেন।

আলোচ্য সূচী (০১) গত সভার সিদ্ধান্তবলী পুণঃ পঠন এবং তা আলোচনান্তে অনুমোদন করণ প্রসঙ্গে।

আলোচনা ও সিদ্ধান্ত ঃ উপরোক্ত আলোচ্য সূচীর প্রেক্ষিতে সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অত্র পৌরসভার উচ্চমান সহকারী গত সভার সিদ্ধান্তবলী পাঠ করে শুনান। অতঃপর সভার কার্য বিবরণী বিষয়ে কোন সংশোধন, সংযোজন, বিয়োজন না থাকায় তা অনুমোদন করা হলো।

আলোচ্য সূচী (০২) ঃ এপ্রিল-জুন ২০২২ মাস পর্যন্ত গ্রিভেন্স রিড্রেস সেলের কার্যক্রম সম্পর্কে আলোচনা।

আলোচনা ঃ উপরোক্ত আলোচ্য সূচীর প্রেক্ষিতে সদস্য সচিব কর্তৃক পঞ্চগড় পৌরসভার গ্রিভেন্স রিড্রেস সেলে এপ্রিল-জুন ২০২২ মাস পর্যন্ত প্রাপ্ত অভিযোগ সমূহ উপস্থাপন করা হয়। উপস্থাপিত অভিযোগ সমূহ নিষ্পত্তি, অনিষ্পত্তি বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়; যা পর্যালোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত ঃ এপ্রিল ২০২২ মাসে মোট ৩টি অভিযোগ পাওয়া যায়; ৩টি অভিযোগ ইতোমধ্যে সংশ্লিষ্ট কাউন্সিলর, অভিযোগকারী, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের সমন্বয়ে মিমাংসা ও নিষ্পত্তি করা হয়।

মে ২০২২ মাসে মোট ৩টি অভিযোগ পাওয়া যায়; ২টি অভিযোগ ইতোমধ্যে সংশ্লিষ্ট কাউন্সিলর, অভিযোগকারী, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের সমন্বয়ে মিমাংসা ও নিষ্পত্তি করা হয়। অপর ১টি নিষ্পত্তির অপেক্ষায় রয়েছে।

জুন ২০২২ মাসে মোট ২টি অভিযোগ পাওয়া যায়; ২টি অভিযোগ ইতোমধ্যে সংশ্লিষ্ট কাউন্সিলর, অভিযোগকারী, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের সমন্বয়ে মিমাংসা ও নিষ্পত্তি করা হয়। অপর ১টি নিষ্পত্তির অপেক্ষায় রয়েছে।

সর্বপরি আহ্বায়ক সাহেব সভাকে জানান যে, নিয়মিত সভা অনুষ্ঠানের লক্ষ্যে ত্রৈ-মাসিক ভিত্তিতে প্রাপ্ত অভিযোগ সমূহ একত্রে নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট সকলকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় অনিষ্পন্ন অভিযোগ সমূহ নিষ্পত্তির লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করে আহ্বায় সাহেব সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ আশরাফুল আলম)
প্যানেল মেয়র-২
পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড়।

স্মারক নং- পঞ্চঃপৌরঃ/GRC/২-১০৭৮/২০২১-২২/ তারিখ- ১৯/০৬/২০২২ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

০১.। প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ শীর্ষক কারিগরী সহায়তা (UGIIP-III) প্রকল্প, এলজিইডি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
০২. মেয়র, পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড়।
০৩. জনাব ............................................................ (সকল), গ্রিভেন্স রিড্রেস সেল (GRC) কমিটি, পঞ্চগড় পৌরসভা।
০৪. অফিস কপি।